

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
প্রশাসন ও সংস্থাপন শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
www.shed.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৬১.৯৯.১০৬.১৭.৩১৯

তারিখ: ১৬ আষাঢ়, ১৪২৭

৩০ জুন ২০২০

বিষয়: করোনা ভাইরাসজনিত রোগে কোভিড-১৯ এর বিস্তার রোধ এবং পরিস্থিতির উন্নয়নের লক্ষ্যে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় সীমিত পরিসরে খোলা।

সূত্র: জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন নং-০৫.০০.০০০০.১৭৩.০৮.০১৪.০৭-১৩৮ তারিখ : ২৮ মে ২০২০।

উপরিউক্ত বিষয়ে সূত্রোক্ত প্রজ্ঞাপনের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, করোনা ভাইরাসজনিত রোগে কোভিড-১৯ এর বিস্তার রোধ এবং পরিস্থিতির উন্নয়নের লক্ষ্যে নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়েছে :

ক) নিষেধাজ্ঞাকালীন নিম্নোক্ত তারিখসমূহের পার্শ্বে বর্ণিত অনুবিভাগসমূহ তাঁদের দাপ্তরিক কার্যক্রম পরিচালনা করবে :

ক্রমিক নং	তারিখ	অনুবিভাগ
১)	০১ জুলাই ২০২০	প্রশাসন ও অর্থ অনুবিভাগ, উন্নয়ন অনুবিভাগ এবং পরিকল্পনা অনুবিভাগ
২)	০২ জুলাই ২০২০	বিশ্ববিদ্যালয় অনুবিভাগ এবং কলেজ অনুবিভাগ
৩)	০৫ জুলাই ২০২০	মাধ্যমিক-১ ও ২ অনুবিভাগ এবং নিরীক্ষা ও আইন অনুবিভাগ

খ) আইসিটি সংক্রান্ত উদ্ভূত সমস্যা তাৎক্ষণিকভাবে সমাধানের জন্য আইসিটি অধিশাখার কর্মকর্তাগণকে তাদের নামের পার্শ্বে বর্ণিত তারিখে অফিসে উপস্থিত থাকার বিষয়টি নিশ্চিত করবেন :

ক্রমিক নং	তারিখ	কর্মকর্তার নাম ও পদবী
১)	০১ জুলাই ২০২০	জনাব মো: শাহিনুর রহমান, সহকারী প্রোগ্রামার
২)	০২ জুলাই ২০২০	জনাব মোহাম্মদ জোবায়ের, প্রোগ্রামার
৩)	০৫ জুলাই ২০২০	জনাব মো: মোফাখখারুল ইসলাম, সিনিয়র সিস্টেম এনালিস্ট

গ) অনুবিভাগ প্রধানগণ তাঁদের অনুবিভাগের ২য়, ৩য় ও ৪র্থ শ্রেণির কর্মকর্তা/কর্মচারীদের মধ্যে যাদের প্রয়োজন তাদের অফিসে আসার প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবেন।

ঘ) ঝুঁকিপূর্ণ ব্যক্তি, অসুস্থ কর্মচারী, সন্তান সম্ভবা নারীগণ এবং রেড জোন এলাকার কর্মকর্তা/কর্মচারীগণ কর্মস্থলে উপস্থিত হওয়া থেকে বিরত রাখবেন।

ঙ) অনুবিভাগসমূহের পার্শ্বে বর্ণিত তারিখসমূহ ছাড়াও দাপ্তরিক জরুরি প্রয়োজনে/উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশে যে কোন তারিখে যে কোন অনুবিভাগের দাপ্তরিক কার্যক্রম পরিচালনা করা যাবে।

চ) কর্মকর্তা কর্মচারীদের স্বাস্থ্য বিধি নিশ্চিতকরণের জন্য সর্বাধিক্য মাস্ক পরিধানসহ স্বাস্থ্য সেবা বিভাগ কর্তৃক জারিকৃত ১৩ দফা নির্দেশনা কঠোরভাবে অনুসরণ করতে হবে।

ছ) অফিস চলাকালীন কর্মকর্তা/কর্মচারীগণ স্ব স্ব কক্ষে অবস্থান করবেন। জরুরি প্রয়োজন ছাড়া এক কক্ষে হতে অন্য কক্ষে যাতায়াত থেকে বিরত থাকবেন।

২. যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ পত্র জারি করা হলো।

৩০-৬-২০২০

মো: আব্দুল্লাহ আল মামুন

উপসচিব

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১) অতিরিক্ত সচিব, প্রশাসন ও অর্থ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২) অতিরিক্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), উন্নয়ন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।





- ২) সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩) মাননীয় উপমন্ত্রী একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।



৩০-৬-২০২০

মো: আব্দুল্লাহ আল মামুন  
উপসচিব